

আল্টিমেটাম দিয়ে সাইন্সল্যাব ছাড়ল শিক্ষার্থীরা

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ১৯:১৭, ৩০ অক্টোবর ২০২৪



সড়কে শিক্ষার্থীরা

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সাত কলেজের সমন্বয়ে নতুন বিশ্ববিদ্যালয় করতে কমিশন গঠনের আল্টিমেটাম দিয়ে বুধবার দ্বিতীয় দিনের মতো সড়ক ছেড়েছে আন্দোলনর শিক্ষার্থীরা। এতে প্রায় ৬ ঘণ্টা বন্ধ থাকার পর রাজধানীল সাইন্সল্যাব মোড়ের সবগুলো সড়কে যান চলাচল শুরু হয়েছে।

শিক্ষার্থীরা আগামী শনিবার পর্যন্ত সাত কলেজের সমন্বয়ে বিশ্ববিদ্যালয় করতে কমিশন গঠনে আল্টিমেটাম দিয়েছে। না হলে রবিবার থেকে নতুন কর্মসূচি দেওয়ার কথাও জানিয়েছে তারা।

স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাসহ তিন দফা দাবিতে আজ বেলা ১১টার দিকে দ্বিতীয় দিনের মতো সায়েন্সল্যাব মোড়ের সবকটি সড়ক অবরোধ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীরা। এতে যান চলাচল বন্ধ হয়ে ভোগান্তিতে পড়তে হয়। শিক্ষার্থীরা জানায়, দাবি আদায় না হওয়া পর্যন্ত তাদের আন্দোলন চালিয়ে যাবেন।

স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের দাবিতে দ্বিতীয় দিনের মতো ব্লকেড কর্মসূচি পালন করে সরকারি সা কলেজের শিক্ষার্থীরা। আজ বেলা ১১টা থেকে শুরু হয় দ্বিতীয় দিনের কর্মসূচি। রাস্তা আটকে বসে পড়েন তারা।

শিক্ষার্থীরা জানায়, সাত কলেজের একাডেমিক বিষয় দেখভাল করে ঢাকা বিশ্ববিদ্যালয়। আ প্রশাসনিক বিষয় দেখে মন্ত্রণালয়। এতে তৈরি হয়েছে শিক্ষক ও বাজেট সংকটসহ নানা সমস্যা বিশ্ববিদ্যালয় রূপান্তর কমিশন গঠন করা না হলে তাদের এই আন্দোলন চলমান থাকবে।

আজ শিক্ষার্থীদের আন্দোলনে সাইন্সল্যাবের আশপাশের সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায় অ্যাম্বুলেন্সসহ জরুরি প্রয়োজনে যাতায়াতকারীদের চলাচলের ব্যবস্থা করে দিলেও ভোগান্তিতে পড়েন সাধারণ যাত্রীরা। অনেককে পায়ে হেঁটে গন্তব্যে পৌঁছাতে হয়।

এদিকে, এক বিবৃতিতে শিক্ষার্থীদের রাস্তায় জনদুর্ভোগ তৈরি না করে শিক্ষাঙ্গণে ফিরে যাওয়া অনুরোধ জানান শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। ক্রমান্বয়ে দাবি মেনে নেয়া

আশ্বাসও দেন তিনি। তবে, কমিশন গঠন না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবে বলে সাহস জানিয়ে দেন শিক্ষার্থীরা। ২০১৭ সালের ফেব্রুয়ারিতে ৭ ঢাকার সাতটি সরকারি কলেজ ঢাব বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করার পর থেকেই এই সমস্যার সূত্রপাত।